FPU সদস্য বাছাই নীতিমালা "২০০৯"

১। এই নীতিমালা FPU সদস্য বাছাই নীতিমালা ২০০৯ নামে অভিহিত করা হবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

৩। FPU বলতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে প্রেরিতব্য Formed Police Unit -কে বুঝাবে।

৪। Pre-deployment Training বলতে FPU এর জন্য বিশেষায়িত প্রশিক্ষণকে বুঝাবে।

(৫) সাধারণ নিয়মাবলী ঃ

১। কোন পুলিশ সদস্যের বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান/মুলতবী থাকলে অথবা তিন (৩) বা ততোধিক গুরুদন্ড প্রাপ্ত পুলিশ সদস্যগণ এবং গুরুদন্ড প্রাপ্তির তিন (৩) বছরের মধ্যে মিশনে গমন করতে পারবে না।

২। FPU সংক্রান্ত প্রশিক্ষণে অকৃতকার্য সদস্যরা FPU তে অংশগ্রহনের জন্য বিবেচিত হবে না।

৩। আইজিপি মহোদয় বিশেষ বিবেচনায় ট্রেড ও সাধারণ সদস্যদের মধ্য হতে ১০% সদস্য-কে মিশনের জন্য মনোনীত করতে পারবেন।

৪। প্রতি বৎসরের মোট চাহিদার সমসংখ্যক FPU সদস্য বাছাই করা হবে।

৫। ডাক্তার ব্যতিত কোন সদস্য পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত একাধিকবার FPU মিশনে যেতে পারবে না।

৬। প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের চূড়ান্ত মনোনয়নের সময় তাদের রক্তচাপ, হার্ট, হারনিয়া, চোখ পরীক্ষা, এইচআইভি টেস্ট, হেপাটাইটিস-বি, ডায়াবেটিস ইত্যাদি পরীক্ষা সম্পন্ন করতে হবে।

৭। এসবি/সিআইডি, র‌্যাব, মেট্রোপলিটন পুলিশ, রেঞ্জ এপিবিএন/রেলওয়ে/হাইওয়ে রেঞ্জ/বিপিএ, সারদা/পিটিসি সমূহ, টিটিএস, টেলিকম এবং পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর ইউনিট প্রধানগণ বাছাই কমিটি গঠন পূর্বক অনুচ্ছেদ ৭ ও ৮ অনুসারে FPU সদস্য বাছাই করবেন।

৮। আইজিপি মহোদয় কর্তৃক গঠিত FPU সদস্য মনোনয়ন কমিটি রেঞ্জ/ইউনিট হতে প্রাপ্ত নামের তালিকা থেকে চূড়ান্ত বাছাই পরীক্ষা গ্রহণ করবেন।

৬) কর্মকর্তা বাছাই (ডাক্তার, ASP হতে SP পর্যন্ত)

১। ৫ বৎসর চাকুরী সম্পন্ন হতে হবে (ডাক্তার ব্যতিত)।

২। ইংরেজী/Mission Language-এ দক্ষতা যাচাইয়ের জন্য Report Writing পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩। চাকুরীতে Outstanding Performance এর জন্য পুরস্কার প্রাপ্ত সদস্য ইউনিট হতে মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৭) ক) সাধারণ সদস্য বাছাইয়ে বয়স ও চাকুরীকাল (কনষ্টেবল হতে ইন্সপেক্টর)ঃ

ক্রঃ নং	পদবী	বয়স অনুর্ধ্ব	সর্বমোট চাকুরীকাল	মন্তব্য
১.	কনস্টেবল	৪৫ বছর	০৮ বছর	১। ইংরেজী/Mission Language সম্পর্কে জ্ঞান থাকা বাঞ্চনীয়। ২। হেড কং থেকে তদুর্ধ পদে SLC কোর্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে। ৩। Outstanding performance এর জন্য আইজি ব্যাজ ও পদক প্রাপ্তদের অগ্রাধিকার থাকবে।
২.	নায়েক	৪৫ বছর	০৮ বছর	
৩.	হেড কনস্টেবল	৪৫ বছর	০৮ বছর	
৪.	এএসআই	৪৫ বছর	০৮ বছর	
৫.	এসআই (নিঃ/সঃ)	৪৮ বছর	০৮ বছর	
৬.	সার্জেন্ট/টিএসআই	৪৮ বছর	০৮ বছর	
৭.	ইন্সপেক্টর (নিঃ/সঃ)	৫৩ বছর	০৮ বছর	

ধারণ সদস্য বাছাই প্রক্রিয়া ঃ

ক্রঃ	পদ মর্যাদা	বাছাই প্রক্রিয়া
		শারীরিক যোগ্যতা যাচাই পরীক্ষা ঃ (ক) FPU সদস্যদের বাছাইয়ের পূর্বে ডাক্তার কর্তৃক প্রাথমিক শারীরিক যোগ্যতা নির্ণয় । (খ) ষ্টান্ডার্ড চার্ট অনুসারে উচ্চতা অনুযায়ী ওজন সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে । (গ) যে সকল সদস্যের বয়স ৪০ বৎসরের নীচে তাদেরকে ১২ মিনিটে ২ কিঃ মিঃ পথ অতিক্রম করতে হবে এবং যে সকল সদস্যের বয়স ৪০ বৎসরের উর্ধ্বে তাদেরকে ৮ মিনিটে ১ কিঃ মিঃ পথ অতিক্রম করতে হবে ।
২.	কনষ্টেবল/নায়েক/ হেড কনষ্টেবল/এএসআই/ এসআই(সঃ)/ সার্জেন্ট/ এসআই(নিঃ)/ ইন্সপেক্টর(সঃ)/ ইন্সপেক্টর(নিঃ)	**মাঠ পরীক্ষা ঃ** (ক) পিস্তলের জন্য ১০ মিটার, ১৫ মিটার, ২৫ মিটার এবং রাইফেলের জন্য ৫০ মিটার ও ১০০ মিটার দূরুত্ব থেকে শতকরা ৭০% গুলি টার্গেটে থাকতে হবে । (খ) রাইফেল/পিস্তল ৫ মিনিটে খোলা জোড়া করতে হবে । (গ) রায়ট ইকুইপমেন্ট ব্যবহার এবং ২ মিনিটের মধ্যে সঠিকভাবে পরিধান করতে হবে । (ঘ) Crowd Control/Riot Control সম্পর্কে ধারণা যাচাই করতে হবে । (ঙ) Arrest করার পদ্ধতি, Body, House and Vehicle Search করার পদ্ধতি সম্পর্কে পরীক্ষা গ্রহণ । (চ) VVIP Protection Duty সম্পর্কে ধারণা যাচাই করতে হবে । (ছ)ইংরেজীভাষা/Mission Language-এ নিজেকে পরিচয় দেয়ার মত ন্যূনতম জ্ঞান যাচাই করা ।
৩.	এসআই (নিঃ)/সার্জেন্ট/ ইন্সপেক্টর(নিঃ) পদের কর্মচারী/কর্মকর্তাদের যোগ্যতা যাচাইকরণ ।	**লিখিত পরীক্ষা পাশ নম্বর (৫০%) :** (ক) Crowd Control এ বল প্রয়োগের পদ্ধতি সম্পর্কে পরীক্ষা গ্রহণ । (খ) ব্যক্তিগত আত্নরক্ষার ক্ষেত্রে বল প্রয়োগের নিয়মাবলী সম্পর্কে পরীক্ষা গ্রহণ । (গ) Arrest করার পদ্ধতি, Body, House and Vehicle Search করার পদ্ধতি সম্পর্কে পরীক্ষা গ্রহণ । **ভাষা জ্ঞান যাচাই পাশ নম্বর (৬০%)** ইংরেজী ভাষা/Mission Language-এ দক্ষতা নির্ণয়ের জন্য Report writing পরীক্ষার মাধ্যমে যোগ্যতা যাচাই ।

গ) প্রাথমিকভাবে মনোনীত সদস্যদের রক্তচাপ, হার্ট, হারনিয়া, চোখ ও ডায়াবেটিস পরীক্ষা সম্পন্ন করতে হবে ।

৮) **ট্রেড সদস্য বাছাই (ড্রাইভার/টেকনিশিয়ান/কুক/ইমাম ইত্যাদি ঃ**

ক্রঃ নং	ট্রেডের নাম	বয়স অনুর্ধ্ব	সর্বমোট চাকুরীকাল	অভিজ্ঞতা
১.	ড্রাইভার (হালকা)	৫২ বছর	০৮ বছর	বৈধ ড্রাইভিং লাইসেন্স সহ ০৫ বছরের বাস্তব ড্রাইভিং অভিজ্ঞতা থাকতে হবে।
২.	ড্রাইভার (ভারী)	৫২ বছর	০৮ বছর	বৈধ ড্রাইভিং (ভারী) লাইসেন্স সহ ০৮ বছরের বাস্তব ড্রাইভিং অভিজ্ঞতা থাকতে হবে।
৩.	ড্রাইভার (এপিসি)	৫২ বছর	০৮ বছর	বৈধ ড্রাইভিং (ভারী) লাইসেন্স সহ ০৮ বছরের বাস্তব ড্রাইভিং অভিজ্ঞতা থাকতে হবে। এ বিষয়ে এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্স সম্পন্নের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৪.	ড্রাইভার (রেকার)	৫২ বছর	০৮ বছর	০৮ বছরের ড্রাইভিং অভিজ্ঞতা/রেকার চালনায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং (ভারী) লাইসেন্স থাকতে হবে। এ বিষয়ে এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্স সম্পন্নের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৫.	ওয়াটার ক্যানন ড্রাইভার	৫২ বছর	০৮ বছর	বৈধ ড্রাইভিং (ভারী) লাইসেন্স সহ ০৮ বছরের বাস্তব ড্রাইভিং অভিজ্ঞতা ও ওয়াটার ক্যানন চালনা কোর্স সম্পন্ন করতে হবে এবং এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্সের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৬.	ওয়াটার ক্যানন অপারেটর	৫২ বছর	০৮ বছর	ওয়াটার ক্যানন পরিচালনা কোর্স সম্পন্ন করতে হবে এবং এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্স সম্পন্নের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৭.	ফর্ক লিফ্ট ড্রাইভার	৫২ বছর	০৮ বছর	০৮ বছরের বাস্তব ড্রাইভিং অভিজ্ঞতা ও ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ফর্ক লিফ্ট চালনা কোর্স সম্পন্ন করতে হবে এবং এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্সের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৮.	ভেহিক্যাল মেকানিক /অটো ইলেকট্রিশিয়ান	৫২ বছর	০৮ বছর	(ক) এআইজি (ইএন্ডটি) এবং উপ-পুলিশ কমিশনার (পরিবহন) এর সমন্বয়ে গঠিত কমিটি ভেহিক্যাল মেকানিক তালিকা চূড়ান্ত করবেন। উক্ত কমিটিতে ভেহিক্যাল মেকানিক্স বিষয়ে কোর্স সম্পন্নকারী যে কোন অভিজ্ঞ পুলিশ কর্মকর্তাকে কো-অপট করা যাবে। (খ) ভেহিক্যাল মেকানিক এবং অটো ইলেকট্রিশিয়ান হিসেবে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
১০.	নার্সিং অর্ডারলি	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের নার্সিং অর্ডার্লি হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং নার্সিং কোর্স সম্পন্নের সার্টিফিকেট দাখিল করতে হবে। নার্সিং অর্ডার্লি হিসেবে শুধুমাত্র পুলিশ সদস্যকে প্রেরণ করা হবে। ডিপ্লোমাধারী নার্সদের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা পূর্বক পরবর্তীতে বিবেচনা করা হবে।

	ট্রেডের নাম	বয়স অনুর্ধ্ব	সর্বমোট চাকুরীকাল	অভিজ্ঞতা
.	টেইলর	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের টেইলর হিসাবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১২.	টেলিকম টেকনিশিয়ান	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের টেলিকম টেকনিশিয়ান অভিজ্ঞতাসহ এ বিষয়ে কোর্স সম্পন্নের সার্টিফিকেট দাখিল করতে হবে। শুধুমাত্র Telecom সদস্য আবেদন করতে পারবে।
১৩.	মাস্ট মেকানিক	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের মাষ্ট মেকানিক অভিজ্ঞতাসহ এ বিষয়ে কোর্স সম্পন্নের সার্টিফিকেট দাখিল করতে হবে। শুধুমাত্র টেলিকম সদস্য আবেদন করতে পারবে।
১৪.	ইলেক্ট্রিশিয়ান/জেনারেটর অপারেটর	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ এ বিষয়ে কোর্স সম্পন্ন করতে হবে। এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্স সম্পন্নের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১৫.	ইমাম	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের জামে মসজিদের ইমাম হিসাবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১৬.	কার্পেন্টার	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের কার্পেন্টার হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১৭.	রিফ্রিজারেটর কন্টেইনার অপারেটর	৫২ বছর	০৮ বছর	এ বিষয়ে কোর্স সম্পন্ন করতে হবে এবং এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্সের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১৮.	কুক	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের কুক হিসেবে পুলিশ/পুলিশ বাহিনীতে কর্মরত সিভিল কুক সদস্যদের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
১৯.	বারবার	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের বারবারের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
২০.	কম্পিউটার অপারেটর	৫০ বছর	০৮ বছর	০৫ বছরের কম্পিউটার অপারেটর হিসাবে বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা সম্পন্ন পুলিশ সদস্যদের নিয়োগ করা হবে। দক্ষতা যাচাইয়ের জন্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এ সংক্রান্তে ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
২১.	একাউন্টস্ সহকারী	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের একাউন্টস্ সহকারী হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা সম্পন্ন পুলিশ সদস্যদের নিয়োগ করা হবে। এই সংক্রান্তে ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

ট্রেডের নাম	বয়স অনুর্ধ্ব	সর্বমোট চাকুরীকাল	অভিজ্ঞতা
২২.	ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট অপারেটর	৫২ বছর	০৮ বছর	এ বিষয়ে কোর্স সম্পন্ন করতে হবে এবং এআইজি (ইএন্ডটি) কর্তৃক কোর্সের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
২৩.	প্লাম্বার	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের প্লাম্বার হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং এ সংক্রান্তে ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
২৪.	আরমোরার	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের আরমোরার হিসাবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং এই সংক্রান্তে ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
২৫.	এনসিই কনষ্টেবল/ সুইপার/ঝাড়ুদার	৫২ বছর	০৮ বছর	০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন পুলিশ/পুলিশ বাহিনীতে কর্মরত সিভিল সদস্যদের নিয়োগ করা যাবে এবং এ সংক্রান্তে ইউনিট প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৯) **Pre-Deployment Training**

১। FPU বাছাই কমিটি কর্তৃক মনোনীত সকল সদস্যদেরকে Pre-Deployment Training -এ অংশগ্রহণ করতে হবে ।

২। FPU সদস্যদের Pre-deployment Training এর সময়সীমা ৩০ (ত্রিশ) দিন হবে। কমান্ডিং স্টাফদের জন্য ১০ দিনের Administration & Management সম্পর্কিত Training প্রদান করা হবে।

৩। এআইজি (ইউএনডেস্ক) একটি Pre-Deployment Training Curriculum তৈরী করবেন এবং তা অনুমোদন করিয়ে নেবেন।

৪। পিটিসি, টাংগাইল, DTS এর PPKTS অথবা কর্তৃপক্ষ সুবিধাজনক যে কোন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবেন।

৫। এআইজি (ইউএনডেস্ক) প্রশিক্ষণ কার্যক্রমের তত্ত্বাবধান করবেন।

নূর মোহাম্মদ
ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ